

এবতেদায়ী মাদ্রাসা দেশের ইসলামী শিক্ষার প্রাথমিক বুনিয়াদ শিক্ষা উপমন্ত্রী

বরিশাল ব্যারো : শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু বলেছেন, সরকার প্রাথমিক বিদ্যালয়ের অনুরূপ সুযোগ-সুবিধা দেশের সকল এবতেদায়ী মাদ্রাসার জন্য প্রদানের বিষয়টিও সক্রিয়ভাবে বিবেচনা করছেন। এবতেদায়ী মাদ্রাসাকে দেশের ইসলামী শিক্ষার প্রাথমিক বুনিয়াদ বলে আখ্যায়িত করে উপমন্ত্রী বলেন, প্রাথমিক বিদ্যালয় না থাকলে যেমনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা থাকবে না, তেমনি এবতেদায়ী মাদ্রাসা না থাকলে আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাগুলোও ক্ষতিগ্রস্ত হবে। তবে এবতেদায়ী মাদ্রাসাসহ সকল মাদ্রাসার জন্য সরকার একটি কারিকুলাম তৈরীর সিদ্ধান্ত

শিক্ষা উপমন্ত্রী

৮-এর পৃষ্ঠার পর

নিয়েছেন। এজন্য ইসলামী বিশ্ববিদ্যালয়ের ডিসিকে প্রধান করে একটি কমিটিও গঠন করা হয়েছে। পাশাপাশি এবতেদায়ী মাদ্রাসার প্রকৃত সংখ্যাও নির্ণয়ের কাজ করা হবে। অনেক এবতেদায়ী মাদ্রাসা ইতোমধ্যে বন্ধ হয়ে গিয়ে থাকতে পারে বলেও মন্ত্রী উল্লেখ করেন। তিনি বৃহস্পতিবার বরিশালে এসএসসি ও দাখিল পরীক্ষা পরিদর্শন শেষে দুপুরে বরিশাল সার্কিট হাউজে সাংবাদিকদের সাথে মতবিনিময় করছিলেন। শিক্ষা উপমন্ত্রী উল্লেখ করেন, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানই এদেশে ইসলামী শিক্ষার পুনর্জাগরণে ব্যাপক অবদান রেখে গেছেন। বর্তমান সরকারও তার নির্বাচন-পূর্ব প্রতিশ্রুতি মোতাবেক দেশের এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের জন্য প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সমপরিমাণ সুযোগ-সুবিধা প্রদানের বিষয়টি বিবেচনা করছেন বলে উপমন্ত্রী জানান।